৪৫

# প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১০

তারিখ : ০৮.০১.২০১০ [কোড : ইছামতি] সময় : ১ ঘণ্টা ২০ মিনিট পূর্ণমান : ৮০

**যেসব জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল**

পাবনা, বগুড়া, সিরাজগঞ্জ, নাটোর, নওগাঁ, রংপুর, ঠাকুরগাঁও।

০১. **The idiom 'In black and white'-এর অর্থ-**

ক. Temporary খ. False

গ. Verbally ঘ. In writing

উত্তর ✓ ঘ ব্যাখ্যা 'In black and white' বাগধারাটির অর্থ লিখিতভাবে নিম্নে অপশনগুলোর অর্থ দেওয়া হলো:

| প্রদত্ত অপশন | অর্থ |
|---|---|
| Temporary | সাময়িক, অস্থায়ী। |
| False | মিথ্যা, জাল, মেকি। |
| Verbally | মৌখিকভাবে। |
| In writing | লিখিতভাবে, লিখিতরূপে। |

০২. **The idiom 'At home' এর অর্থ–**

ক. Familiar with খ. Home made of bricks

গ. Try to make a home ঘ. One who has lost home

উত্তর ✓ ক ব্যাখ্যা

| প্রদত্ত অপশন | অর্থ |
|---|---|
| Familiar with | সুপরিচিতি। |
| Home made of bricks | ইটের তৈরি বাড়ি। |
| Try to make a home | বাড়ি তৈরির প্রচেষ্টা। |
| One who has tost home | উদ্বাস্তু, যে ব্যক্তি গৃহ হারিয়েছে। |

০৩. **He said, "What a pity!" বাক্যের Indirect speech–**

ক. He said that it was a great pity

খ. He exclaimed that it was a great pity

গ. He exclaimed that it is great pity

ঘ. The exclaimed that it is a great pity

উত্তর ✓ খ ব্যাখ্যা প্রদত্ত Exclamatory sentence টিকে Direct থেকে Indirect করার নিয়ম ঃ

Reporting verb এর Subject+ 'reporting verb' say/said এর পরিবর্তে exclaim/exclaimed+Inverted Comma এর পরিবর্তে 'that'+ প্রদত্ত 'reported speech' অর্থাৎ exclamatory sentence কে assertive sentence এ রূপান্তর করতে হবে। উল্লেখ্য, এক্ষেত্রে tense ও Person অনুযায়ী that clause এরপর subject ও verb বসাতে হবে।

০৪. **Salim said to me, "I was ill." বাক্যে Indirect speech–**

ক. Salim told me that he had been ill

খ. Salim said to me that he was ill

গ. Salim told me that I had been ill

ঘ. Salim told me that he has been ill

উত্তর ✓ ক ব্যাখ্যা প্রশ্নে প্রদত্ত Assertive Sentence কে Direct থেকে Indirect করার নিয়ম:

Reporting verb এর Subject (Salim) + Reporting verb পরিবর্তন করে say/said বা tell/told (এক্ষেত্রে told)+ object থাকলে বসাতে হবে (me)+that inverted comma এর পরিবর্তে+Subject (reporting) verb এর subject 'Salim'-এর Person অনুযায়ী 'he')+ auxiliary verb (tense ও person অনুযায়ী হবে 'had been') + extension বা বাকি অংশ (ill) সুতরাং সঠিক Indirect speech টি হবে।

'Salim told me that he had been ill' যা অপশন (ক) তে আছে। অন্যান্য অপশনগুলো নিয়ম পরিপন্থি হওয়ায় সেগুলো সঠিক নয়।

০৫. **'My uncle looks after me' বাক্যের সঠিক Passive form–**

ক. I was looked after by my

খ. I am look after by my uncle

গ. I am being looked after by my uncle

ঘ. I am looked after by my uncle

উত্তর ✓ ঘ ব্যাখ্যা প্রদত্ত Active voice এর বাক্যটিকে Passive করার নিয়ম:

Active Voice এর Object এর nominative case (অর্থাৎ 'me' এর স্থলে 'I') + Tense, person ও number অনুযায়ী Auxiliary verb (এক্ষেত্রে simple present tense হওয়ায় 'am') + VPP/$V_3$ (looked after) + by+object বা Active এর subject (my uncle) উল্লেখ্য, 'look after' একটি phrasal verb যার অর্থ যত্ন নেওয়া বা দেখাশোনা করা। অর্থাৎ প্রথম preposition টি 'after' বসেছে verb এর অংশ হিসেবে বা 'Phrasal verb' হিসেবে এবং দ্বিতীয় Preposition 'by' বসেছে passive agent ব্যবহারের সুবিধার্থে।

০৬. **'I saw the boy crying' বাক্যের সঠিক Passive form–**

ক. The boy is seen crying by me

খ. The boy cry was seen by me

গ. The boy was seen crying by me

ঘ. The boy crying was seen by me

উত্তর ✓ গ ব্যাখ্যা প্রদত্ত বাক্যটির Active থেকে Passive করার নিয়ম:

Active sentence এর object (the boy)+ Tense, number ও person অনুযায়ী 'auxiliary verb' (Was)+ VPP/$V_3$+nonfinite verb থাকলে বসাতে হবে (crying)+by+object (Active এর Subject 'I' এর স্থলে 'me' সুতরাং উপর্যুক্ত নিয়মানুযায়ী সঠিক উত্তর অপশন (গ)→ 'The boy was seen crying by me, অন্যান্য অপশনগুলো নিয়মবহির্ভূত হওয়ায় সঠিক নয়।

**০৭. কোন বাক্যটি শুদ্ধ?**

ক. I have read a poetry
খ. I have read a piece of poetry
গ. I saw his pulse
ঘ. The man took his birth in 1968

উত্তর ✓ খ ব্যাখ্যা অপশন (ক) সঠিক নয়। একটি কবিতা অর্থে 'A poetry' এর পরিবর্তে 'a poem' হবে। কেননা 'poetry' অর্থ কাব্যগ্রন্থ। অন্যদিকে একটি কাব্যগ্রন্থ অর্থে 'a piece of poetry' লিখলে সঠিক হতো। যা অপশন (খ) তে সঠিকভাবে ব্যবহৃত হওয়ায় সঠিক উত্তর অপশন (খ)।
অপশন (গ) সঠিক নয়। কারণ কোনো ব্যক্তির 'নাড়ির স্পন্দন' অনুভব করতে হয়, যা দেখা যায় না, অর্থাৎ 'saw' এর পরিবর্তে 'Felt' হবে। এক্ষেত্রে সঠিক ব্যবহার হলো 'feel someone's pulse'
অপশন (ঘ) তে 'took his birth' জন্মগ্রহণের ক্ষেত্রে ব্যবহার করা যায় না। সঠিক বাক্যটি হবে the man was born in 1968।

**০৮. কোনটি শুদ্ধ বাক্য?**

ক. Sohel is taller than I
খ. We write with ink
গ. Sohel is taller than me
ঘ. I did not think it was her

উত্তর ✓ ক ব্যাখ্যা অপশন (খ) তে 'we write with ink' এর পরিবর্তে 'We write in ink' বললে সঠিক হতো।
অপশন (গ) তে 'than' এর পর objective case 'me' এর পরিবর্তে nominative case 'I' ব্যবহৃত হলে বাক্যটি সঠিক হতো।
অপশন (ঘ) তে দুটো Clause থাকায় দুটোর মাঝখানে 'that' conjunction থাকলে অথবা Clause দুটোর মাঝখানে semicolon (;) থাকলে বাক্যটি সঠিক হতো অন্যদিকে অপশন (ক) তে 'He is taller than I' থাকাতে বাক্যটি সঠিক। কেননা দুইজনের মধ্যে তুলনায় than এরপর pronoun এর Subject form বসে।

**০৯. কোনটি শুদ্ধ বানান?**

ক. Sattellite
খ. Sattelite
গ. Satellite
ঘ. Satelite

উত্তর গ

**১০. কোনটি শুদ্ধ বানান?**

ক. Greivance
খ. Grievance
গ. Griveance
ঘ. Grieveance

উত্তর খ

**১১. 'True' শব্দটির Noun হচ্ছে–**

ক. Truly
খ. Truthful
গ. Thuthfulness
ঘ. Truth

উত্তর ✓ ঘ ব্যাখ্যা 'True' (সত্য) শব্দটি একটি Adjective এর noun form জানার জন্য নিচে প্রশ্নে প্রদত্ত অপশনগুলোর 'parts of speech দেওয়া হলো:

| প্রদত্ত অপশন | Parts of Speech/পদ | প্রকৃতপক্ষে যথার্থভাবে বা যথার্থরূপে। |
|---|---|---|
| Truly | Adverb | প্রকৃতপক্ষে, যথার্থভাবে বা যথার্থরূপে |
| Truthful | Adjective | সত্যবাদী। |
| Truthfulness | Noun | সত্যবাদিতা। |
| Truth | Noun | সত্যতা, যথার্থতা |

**১২. 'Study' শব্দটির Adjective হচ্ছে–**

ক. Studious
খ. Persevering
গ. Stupidity
ঘ. Study

উত্তর ✓ ক ব্যাখ্যা প্রশ্নে প্রদত্ত 'Study' শব্দটি noun ও verb উভয়ই। এর অর্থ হচ্ছে অধ্যয়ন, পঠন/পড়া/অধ্যয়ন করা/পড়াশোনা করা, Stupidity, persevering, stupidity এগুলো 'study' শব্দের Adjective নয়। 'Study' শব্দের সাথে 'Ous' suffix যুক্ত হয়ে studious (পড়ুয়া, অধ্যয়নশীল) গঠিত হয়।

**১৩. 'You are not amenable —— reason' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–**

ক. from
খ. of
গ. to
ঘ. into

উত্তর ✓ গ ব্যাখ্যা 'Amenable' শব্দটির পরে Appropriate Preposition হিসেবে 'to' বসে। 'Amenable to' অর্থ হলো- বাধ্য/সহজে অভিভূত/এখতিয়ারভুক্ত/কৈফিয়ত দিতে বাধ্য। সুতরাং সঠিক উত্তর অপশন (গ)

**১৪. 'He and I —— well' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–**

ক. are
খ. is
গ. was
ঘ. am

উত্তর ✓ ক ব্যাখ্যা দুই বা ততোধিক subject 'and' দ্বারা যুক্ত হলে Verb plural হয় যেহেতু দুটো subject 'He' ও 'I' and দ্বারাযুক্ত হয়েছে। সেহেতু verb plural অর্থাৎ 'are' হবে। অন্যান্য অপশনগুলো যথোপযুক্ত নয়। সুতরাং সঠিক উত্তর (গ)।

**১৫. 'Utilize' শব্দটির Synonym হচ্ছে–**

ক. are
খ. Employ
গ. Discharge
ঘ. Reject

উত্তর ✓ খ ব্যাখ্যা

| Word | Meaning |
|---|---|
| Utilize | সুযোগের সদ্ব্যবহার করা, সঠিকভাবে ব্যবহার করা |
| Discard | বর্জন করা, পরিত্যাগ করা। |
| Employ | প্রয়োগ করা, ব্যবহার করা। |
| Discharge | পদচ্যুত করা/বরখাস্ত করা/মুক্তি দেওয়া/ভারমুক্ত করা। |
| Reject | প্রত্যাখ্যান বা বাতিল করা। |

**১৬. 'Deformed' শব্দটির Synonym হচ্ছে–**

ক. Crippled
খ. Beautiful
গ. Determine
ঘ. Handsome

উত্তর ✓ ক ব্যাখ্যা

| Word | Meaning |
|---|---|
| Deformed | অঙ্গহীন, বিকৃত বা বিকৃত ঘটেছে এমন। |
| Crippled | বিকল, অঙ্গহীন, বিকৃত। |
| Beautiful | সুশ্রী, সুন্দর, চমৎকার |
| Determine | নির্ধারণ করা, অবধারণ করা, স্থির করা, |
| Handsome | সুদর্শন, সুশ্রী, সৌম্যদর্শন। |

১৭. **'Fly' শব্দটির Noun হচ্ছে–**

ক. Plight খ. Fleet
গ. Flew ঘ. Flight

**উত্তর ✓ ঘ ব্যাখ্যা** 'Fly' শব্দটি একটি verb; যার অর্থ 'উড়া' উড়ে নিয়ে যাওয়া। নিম্নে অপশনগুলোর ব্যাখ্যা দেওয়া হলো:

| Word | Parts of speech | অর্থ |
|---|---|---|
| Plight | noun and verb | অঙ্গীকার |
| Flight | noun | উড্ডয়ন শূন্যবর্ধন। |
| Fleet | Adjective and noun | দ্রুতগামী, ক্ষণস্থায়ী; বহর, পোতবহর, নৌশক্তি। |
| Flew | Past form of 'fly' | উড়ে বেড়িয়েছিল/উড়ে গেল |

১৮. **'Compel' শব্দটির Noun হচ্ছে–**

ক. Compelness খ. Compulsion
গ. tranquil ঘ. Compelled

**উত্তর ✓ খ ব্যাখ্যা** প্রশ্নে প্রদত্ত 'Compel' শব্দটি একটি verb; যার অর্থ বাধ্য করা, জোর করে আদায় করা। অপশনগুলোর মধ্যে 'compelness' বলতে কোনো শব্দ অভিধানে নেই। অন্যান্য অপশনগুলোর অর্থ ও ব্যাখ্যা নিম্নে দেওয়া হলো:

| Word | Parts of Speech | Meaning |
|---|---|---|
| Compulsion | noun | বাধ্যবাধকতা চাপ, বলপ্রয়োগ। |
| Tranquil | Adjective | শান্ত, প্রশান্ত, সুস্থির। |
| Compelled | Adjective | বাধ্য। |

১৯. **কোনটি শুদ্ধ বানান?**

ক. Tresspass খ. Tresspas
গ. Trespass ঘ. Trespas

**উত্তর ✓ গ ব্যাখ্যা** অপশনগুলোর মধ্যে শুদ্ধ বানান হচ্ছে 'Trespass'; যার অর্থ অনধিকার প্রবেশ/অনধিকার প্রবেশ করা (Oxford Dictionary)।

২০. **কোনটি শুদ্ধ বানান?**

ক. Passenger খ. Pasanger
গ. Pesanger ঘ. Pessanger **উত্তর ক**

২১. **'অনুগ্রহ' এর বিপরীতার্থক শব্দ–**

ক. নিগ্রহ খ. দয়া
গ. বাহির ঘ. স্বাধীন

**উত্তর ✓ ক ব্যাখ্যা** কতিপয় বিপরীত শব্দ :

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ | প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| অপ্রতিভ | সপ্রতিভ | অলস | পরিশ্রমী |
| অনুলোম | প্রতিলোম | অগ্রিম | বকেয়া |
| অনুরক্ত | বিরক্ত | অব্যক্ত, গুপ্ত | ব্যক্ত |

২২. **'অর্বাচীন' এর বিপরীতার্থক শব্দ–**

ক. তরুণ খ. অচেনা
গ. নবীন ঘ. প্রাচীন

**উত্তর ✓ ঘ ব্যাখ্যা** কতিপয় বিপরীত শব্দ :

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ | প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| অশন | অনশন | অনুরাগ | বিরাগ |
| অবনত | উন্নত | অমৃত | বিষ/গরল |
| অনুজ | অগ্রজ | অভিপ্রেত | অনভিপ্রেত |

২৩. **'চন্দ্র' এর সমার্থক শব্দ নয়-**

ক. চাঁদ খ. নিশাকর
গ. অদ্রি ঘ. হিমকর

**উত্তর ✓ গ ব্যাখ্যা** কতিপয় সমার্থক শব্দ :

| | |
|---|---|
| চন্দ্র | বিধু, সোম, নিশাকর, ইন্দু, মৃগাঙ্ক, কলাধর, সুধাংশু, সুধাকর, হিমাংশু, কলানিধি, হিমকর। |
| অদ্রি | পর্বত, অদ্রি, ভূধর, মহীধর, নগ, অচল, অগ, ক্ষিতিধর, মেদিনীধর, শৈল, পৃথ্বীধর, গিরি, মহীধ্র। |

২৪. **'কেশ' এর সমার্থক শব্দ নয়–**

ক. কুন্তল খ. ললাট
গ. চুল ঘ. অলক

**উত্তর ✓ খ ব্যাখ্যা** 'কেশ' এর সমার্থক শব্দ : চুল, অলক, কচ, কুন্তল, শিরোজ, শিরোরুহ, কৃশলা।

২৫. **'আকাশ' এর সমার্থক শব্দ নয় -**

ক. গগন খ. অন্তরীক্ষ
গ. অম্বর ঘ. ভুবন **উত্তর ঘ**

২৬. **কোনটি শুদ্ধ বানান?**

ক. মুমুর্ষু খ. মুমুর্ষূ
গ. মুমূর্ষু ঘ. মুমুর্ষু

**উত্তর ✓ গ ব্যাখ্যা** কতিপয় শুদ্ধ বানান : দুরূহ, ক্ষুণ্ণ, ক্ষতিগ্রস্ত, উপর্যুপরি, উল্লিখিত, মন্ত্রিত্ব, বুভুক্ষু, ভূগোল, ভৌগোলিক, আহ্নিক, হীনম্মন্যতা, ভবিষ্যদ্বাণী, যন্ত্রণা, ভাস্কর, স্বয়ংবরা, মৃন্ময়, দৈন্য, দৌরাত্ম্য।

২৭. **কোনটি শুদ্ধ বানান?**

ক. নিরহঙ্কারী খ. নিরহঙ্কার
গ. নিরহংকারি ঘ. নিঃহংকারী

**উত্তর ✓ খ ব্যাখ্যা** কতিপয় শুদ্ধ বানান: শ্রদ্ধাঞ্জলি, মুহূর্ত, মুমূর্ষু, সান্ত্বনা, পরিপক্ব, চতুষ্পদ, দুর্ঘটনা, দুরবস্থা, মন্ত্রিত্ব, বুভুক্ষু, ভূগোল, ভৌগোলিক, আহ্নিক, হীনম্মন্যতা।

২৮. **কোনটি শুদ্ধ বানান?**

ক. বাল্মীকি খ. বাল্মীকী
গ. বাল্মিকি ঘ. বাল্মিকী

**উত্তর ✓ ক ব্যাখ্যা** কতিপয় শুদ্ধ বানান : সান্ত্বনা, পিপীলিকা, ভৌগোলিক, শাশ্বত, সন্ন্যাস, সরস্বতী, শিরশ্ছেদ, সর্বস্বান্ত, সংবর্ধনা, শুশ্রূষা, লজ্জাকর।

২৯. **'<u>আজকে</u> নগদ কালকে ধার' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**

ক. অপাদানে ২য়া খ. অধিকরণে ২য়া
গ. কর্মে শূন্য ঘ. করণে ২য়া

**উত্তর ✓ খ ব্যাখ্যা** ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে অধিকরণ কারক বলে। যেমন : **আধার (স্থান)** : আমরা রোজ **স্কুলে** যাই। **কাল (সময়)** : প্রভাতে সূর্য ওঠে।

৩০. **'<u>প্রভাতে</u> উদিল রবি লোহিত বরণ' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**

ক. অধিকরণে ৭মী খ. অপাদানে ৭মী
গ. করণে ৩য়া ঘ. কর্তায় ৭মী

**উত্তর ✓ ক ব্যাখ্যা** ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে অধিকরণ কারক বলে। যেমন : **কাল (সময়)** : প্রভাতে সূর্য ওঠে।

**৩১. নিচের কোনটি অলুক তৎপুরুষ সমাস?**

ক. বেহুঁস খ. মুখে ভাত
গ. খেচর ঘ. গায়ে হলুদ

উত্তর ✓ খ ব্যাখ্যা যে তৎপুরুষ সমাসে পূর্বপদের দ্বিতীয়াদি বিভক্তি লোপ হয় না, তাকে অলুক তৎপুরুষ সমাস বলে। যেমন : গায়ে পড়া = গায়েপড়া। এরূপ- ঘিয়ে ভাজা, কলে ছাঁটা, কলের গান ইত্যাদি।

**৩২. নিচের কোনটি নিত্য সমাস?**

ক. পঞ্চনদ খ. বেয়াদব
গ. দেশান্তর ঘ. ভালমন্দ

উত্তর ✓ গ ব্যাখ্যা যে সমাসে সমস্যমান পদগুলো নিত্য সমাসবদ্ধ থাকে, ব্যাসবাক্যের দরকার হয় না, তাকে নিত্য সমাস বলে। যেমন : অন্য দেশ = দেশান্তর, অন্য গ্রাম = গ্রামান্তর, অন্য গৃহ = গৃহান্তর।

**৩৩. 'মনস্তাপ'এর সন্ধিবিচ্ছেদ–**

ক. মন + তাপ খ. মনস + তাপ
গ. মনঃ + তাপ ঘ. মনো + তাপ

উত্তর ✓ গ ব্যাখ্যা কতিপয় গুরুত্বপূর্ণ বিসর্গ সন্ধি : ইতঃ + তত = ইতস্তত; মনঃ + তত্ত্ব = মনস্তত্ত্ব; শিরঃ + ত্রাণ = শিরস্ত্রাণ; নভঃ + তল = নভস্তল; নিঃ + তার = নিস্তার; মনঃ + তাপ = মনস্তাপ; মনঃ + তুষ্টি = মনস্তুষ্টি; নিঃ + তেজ = নিস্তেজ; দুঃ + তর = দুস্তর।

**৩৪. 'উল্লাস' এর সন্ধিবিচ্ছেদ–**

ক. উৎ + লাস খ. উৎ + লাস
গ. উল + লাস ঘ. উৎ + লাস

উত্তর ✓ ক ব্যাখ্যা আগে ত্ বা দ্ এবং পরে ল্ থাকলে ত্ বা দ্ সন্ধিতে ল্ হয়ে যায়। ল্ পরের ল -এর সঙ্গে মিলে 'ল্ল' হয়। যেমন :

| | |
|---|---|
| উৎ + লিখিত = উল্লিখিত | উৎ + লেখ = উল্লেখ |
| তদ্ + লিখিত = তল্লিখিত | উৎ + লঙ্ঘন = উল্লঙ্ঘন |

**৩৫. 'ওরা কদম আলী' নাটকটির রচয়িতা কে?**

ক. মমতাজ উদ্দিন আহমদ খ. মামুনুর রশীদ
গ. ইব্রাহীম খলিল ঘ. ওবায়েদ উল হক

উত্তর ✓ খ ব্যাখ্যা মামুনুর রশীদ রচিত কতিপয় নাটক : ওরা কদম আলী (১৯৭৮), ওরা আছে বলেই (১৯৮০), মে দিবস (১৯৮১), ইবলিশ (১৯৮২), গিনিপিগ (১৯৮৫), লেবেদেফ (১৯৯৭)।

**৩৬. 'দুদিনের খেলাঘর' উপন্যাসটির রচয়িতা কে?**

ক. আকবর হোসেন খ. অন্নদাশঙ্কর রায়
গ. নারায়ণ গঙ্গোপাধ্যায় ঘ. শওকত আলী উত্তর ক

**৩৭. আবু জাফর ওবায়দুল্লাহ রচিত কাব্যগ্রন্থ কোনটি?**

ক. মানুষের মানচিত্র খ. নির্বাচিত নায়ক
গ. নারিন্দা লেন ঘ. সাতনরী হার

উত্তর ✓ ঘ ব্যাখ্যা 'সাতনরী হার' (১৯৫৫) আবু জাফর ওবায়দুল্লাহর (১৯৩৪-২০০১) প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ। তাঁর অন্যান্য কাব্যগ্রন্থ : কখনো রং কখনো সুর (১৯৭০), কমলের চোখ (১৯৯৩)।

**৩৮. 'সুবচন নির্বাচনে' নাটকটির রচয়িতা কে?**

ক. সেলিম আল দীন খ. আবদুল্লাহ আল মামুন
গ. জিয়া হায়দার ঘ. আলাউদ্দীন আল আজাদ

উত্তর ✓ খ ব্যাখ্যা আবদুল্লাহ আল মামুনের (১৯৪৩-২০০৮) কতিপয় নাটক : সুবচন নির্বাসনে (১৯৭৪), এখন দুঃসময় (১৯৭৫), চারদিকে যুদ্ধ (১৯৮৩), এখনও ক্রীতদাস (১৯৮৪), কোকিলারা (১৯৯০)।

**৩৯. প্যারীচাঁদ মিত্র রচিত উপন্যাস কোনটি?**

ক. আলালের ঘরের দুলাল খ. সীতারাম
গ. চণ্ডালী ঘ. কুহেলিকা

উত্তর ✓ ক ব্যাখ্যা প্যারিচাঁদ মিত্র 'টেকচাঁদ ঠাকুর' ছদ্মনামে 'আলালের ঘরের দুলাল' (১৮৫৭) লিখেন। কারো মতে, এটি বাংলা ভাষার প্রথম উপন্যাস, কারো মতে উপন্যাস লক্ষণাক্রান্ত।

**৪০. ' সোনাভান' কাব্যগ্রন্থটির রচয়িতা কে?**

ক. সৈয়দ হামজা খ. আলাওল
গ. শাহ মুহাম্মদ গরীবুল্লাহ ঘ. মীর মোহাম্মদ শফী

উত্তর ✓ গ ব্যাখ্যা পুথি সাহিত্যের দোভাষী, কবি শাহ মুহম্মদ গরীবুল্লাহ রচিত গ্রন্থ : আমীর হামজা, সোনাভান, জঙ্গনামা, সত্যপীরের পুথি ও ইউসুফ জোলেখা।

**৪১. একটি জাহাজ সমুদ্র থেকে নদীতে প্রবেশ করলে জাহাজের তল–**

ক. আরও ডুববে
খ. ভাসবে
গ. একই থাকবে
ঘ. ভাসা ডোবা নির্ভর করবে জাহাজটির তৈরির সরঞ্জামের ওপর

উত্তর ✓ ক ব্যাখ্যা বস্তুর উপর ক্রিয়াশীল উর্ধ্বমুখী বলকে প্লবতা বলে। তরলের ঘনত্ব বেশি হলে প্লবতা বেশি হয়। সমুদ্রের পানির ঘনত্ব বেশি তাই প্লবতাও বেশি হয়। এজন্য একটি জাহাজ সমুদ্র থেকে নদীতে প্রবেশ করলে জাহাজের তল আরও ডুববে।

**৪২. মেরুরেখা বা অক্ষের দক্ষিণ প্রান্ত বিন্দুকে বলা হয়–**

ক. বিষুবরেখা খ. সুমেরু
গ. কুমেরু ঘ. দ্রাঘিমা রেখা উত্তর গ

**৪৩. চট্টগ্রাম গ্রীষ্মকালে দিনাজপুর অপেক্ষা শীতল ও শীতকালে উষ্ণ থাকে–**

ক. মৌসুমী বায়ুর প্রভাবে খ. সামুদ্রিক বায়ুর প্রভাবে
গ. স্থলবায়ুর প্রভাবে ঘ. আয়ন বায়ুর প্রভাবে উত্তর খ

**৪৪. রাষ্ট্র কয়টি উপাদান নিয়ে গঠিত?**

ক. চারটি খ. তিনটি
গ. দুটি ঘ. পাঁচটি

উত্তর ✓ ক ব্যাখ্যা রাষ্ট্রের উপাদান ৪টি। ১. জনসমষ্টি, ২. নির্দিষ্ট ভূখণ্ড, ৩. সরকার ও ৪. সার্বভৌমত্ব।

**৪৫. বাংলাদেশের বিখ্যাত মণিপুরী নাচ কোন অঞ্চলের?**

ক. সিলেট খ. রাঙামাটি
গ. রংপুর ঘ. কুমিল্লা

উত্তর ✓ ক ব্যাখ্যা

| নৃত্যের নাম | অঞ্চল |
|---|---|
| মণিপুরী নাচ | সিলেট |
| ঝুমুর নৃত্য | রংপুর, রাজশাহী |
| জারি নৃত্য | ঢাকা, ময়মনসিংহ |
| ধুপ নৃত্য | খুলনা, ফরিদপুর, যশোর |
| বল নৃত্য | যশোর |

**৪৬. বাংলাদেশের মন্ত্রিপরিষদ তাদের কাজকর্মের জন্য কার কাছে দায়ী?**

ক. রাষ্ট্রপতি কাছে খ. জনগণের কাছে
গ. প্রধানমন্ত্রীর কাছে ঘ. জাতীয় সংসদের কাছে

উত্তর ✓ ঘ ব্যাখ্যা বাংলাদেশের মন্ত্রিপরিষদ তাদের কাজকর্মের জন্য জাতীয় সংসদের কাছে দায়ী। বাংলাদেশের সংবিধানের ৫৫(৩) নং অনুচ্ছেদে বলা হয়েছে, 'মন্ত্রিসভা যৌথভাবে সংসদের নিকট দায়ী থাকিবেন।

**৪৭. কে জাতীয় সংসদের অধিবেশন আহ্বান করেন?**

ক. স্পিকার    খ. রাষ্ট্রপতি
গ. প্রধান বিচারপতি    ঘ. প্রধানমন্ত্রী

উত্তর ✓ খ ব্যাখ্যা সংবিধানের ৭২(১) ধারায় বলা হয়েছে, 'সরকারী বিজ্ঞপ্তি দ্বারা রাষ্ট্রপতি সংসদ আহ্বান, স্থগিত ও ভঙ্গ করিবেন এবং সংসদ আহ্বানকালে রাষ্ট্রপতি প্রথম বৈঠকের সময় ও স্থান নির্ধারণ করিবেন।'

**৪৮. বাংলাদেশের কোন সাঁতারু ইংলিশ চ্যানেল অতিক্রম করেছিলেন?**

ক. আব্দুর রহমান    খ. মোহাম্মদ ইদ্রিস
গ. ব্রজেন দাস    ঘ. এদের কেউই না

উত্তর ✓ গ ব্যাখ্যা ইংলিশ চ্যানেল ফ্রান্স ও ব্রিটেনকে পৃথক করেছে এবং আটলান্টিক ও উত্তর মহাসাগরকে সংযুক্ত করেছে। বাংলাদেশের সাতারু ব্রজেন দাস ১৯৫৮ সালে প্রথম বাঙালি হিসেবে ইংলিশ চ্যালেন অতিক্রম করেন। ১৯৬১ সাল পর্যন্ত তিনি মোট ৬ বার ইংলিশ অতিক্রম করেন।

**৪৯. একটি বালিকা দোলনায় বসে দোল খাচ্ছে। সে উঠে দাঁড়ালে তার দোলনকালের কি পরিবর্তন ঘটবে?**

ক. শূন্য হবে    খ. কমবে
গ. বাড়বে    ঘ. পরিবর্তন হবে না    উত্তর গ

**৫০. কাজের একক–**

ক. জুল    খ. ওয়াট
গ. নিউটন    ঘ. এর কোনোটিই নয়    উত্তর ক

**৫১. ভূমিকম্প নির্ণায়ক যন্ত্র–**

ক. সেক্সট্যান্ট    খ. ম্যানোমিটার
গ. ক্রেসকোগ্রাফ    ঘ. সিসমোগ্রাফ    উত্তর ঘ

**৫২. মনিটরের কাজ হলো–**

ক. গাণিতিক সমাধান করা
খ. লেখা ও ছবি দেখানো
গ. বিভিন্ন কাজের মধ্যে সংগতি স্থাপন করা
ঘ. এর কোনোটিই নয়    উত্তর খ

**৫৩. ফকির আন্দোলনের নেতা কে ছিলেন?**

ক. সিরাজ শাহ    খ. মোহসীন আলী
গ. মজনু শাহ    ঘ. জহির শাহ

উত্তর ✓ গ ব্যাখ্যা ফকিররা ১৭৫৭ থেকে ১৮০০ সাল পর্যন্ত বাংলার বিভিন্ন স্থানে বিদ্রোহ করেছিলো। মজনু শাহের নেতৃত্বে ফকিরগণ ইংরেজবিরোধী আন্দোলন শুরু করে। ১৭৮৭ সালে মজনু শাহের মৃত্যুর পর সুযোগ্য নেতৃত্বের অভাবে ফকির আন্দোলন স্তিমিত হয়ে পড়ে।

**৫৪. ইউরোপ থেকে সমুদ্রপথে ভারতবর্ষে আসার পথ আবিষ্কৃত হয় কোন সালে?**

ক. ১৪৮৭ সালে    খ. ১৩৮৭ সালে
গ. ১৫৮৭ সালে    ঘ. ১৬৮৭ সালে

উত্তর ✓ ক ব্যাখ্যা ১৪৮৭ খ্রিস্টাব্দে উত্তমাশা অন্তরীপ হয়ে জলপথে পূর্বদিকে আগমনের পথ আবিষ্কার করেন বার্থোলোমিউ দিয়াজ। এই পথে ১৪৯৮ সালের ২৭ মে পর্তুগিজ নাবিক ভাস্কো-দা- গামা সর্বপ্রথম ভারতের কালিকট বন্দরে আসেন।

**৫৫. প্রাচীন বাংলার সবগুলো জনপদই একত্রে বাংলা নামে পরিচিতি লাভ করে কার আমল থেকে?**

ক. সুলতান সিকান্দার শাহ
খ. সুলতান শামসুদ্দীন ইলিয়াস শাহ
গ. নবাব সিরাজউদ্দৌলা
ঘ. নবাব আলীবর্দী খাঁ

উত্তর ✓ খ ব্যাখ্যা ইলিয়াস শাহী বংশের প্রতিষ্ঠাতা শামসুদ্দিন ইলিয়াস শাহ। তিনি ১৩৫২ সালে সর্বপ্রথম বাংলা অধিকার করেন। তার আমলে বাংলার সবগুলো জনপদই একত্রে 'বাংলা' নামে পরিচিতি লাভ করে।

**৫৬. উপমহাদেশের সর্বশেষ গভর্নর জেনারেল কে ছিলেন?**

ক. লর্ড মাউন্টব্যাটেন    খ. কনিয়ার
গ. লর্ড কার্জন    ঘ. লর্ড কর্ণওয়ালিস

উত্তর ✓ ক ব্যাখ্যা উপমহাদেশের সর্বশেষ গভর্নর জেনারেল লর্ড মাউন্টব্যাটেন। তিনি ২১ ফেব্রুয়ারি ১৯৪৭ থেকে ১৫ আগষ্ট ১৯৪৭ সাল পর্যন্ত এই দায়িত্ব পালন করেন। লর্ড মাউন্টব্যাটেন ভারতের প্রথম গভর্নর জেনারেল হিসেবে দায়িত্ব পালন করেছেন ১৫ আগস্ট ১৯৪৭ সাল থেকে ২১ জুন ১৯৪৮ সাল পর্যন্ত।

**৫৭. সুন্দরবন কোন ধরনের বন?**

ক. রেইন    খ. কনিয়ার
গ. ম্যানগ্রোভ    ঘ. কোনোটিই নয়

উত্তর ✓ গ ব্যাখ্যা সুন্দরবন পৃথিবীর বৃহত্তম ম্যানগ্রোভ বন। সুন্দরবন বাংলাদেশের খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট এবং পশ্চিমবঙ্গের দক্ষিণ চব্বিশ পরগণা জেলাজুড়ে বিস্তৃত। এ বনভূমির মোট আয়তন ১০,০০০ বর্গ কিলোমিটার। বাংলাদেশ অংশে পড়েছে ৬,০১৭ বর্গ কিলোমিটার।

**৫৮. বাংলাদেশের দীর্ঘতম নদী কোনটি?**

ক. যমুনা    খ. পদ্মা
গ. সুরমা    ঘ. মেঘনা

উত্তর ✓ ঘ ব্যাখ্যা বাংলাদেশের দীর্ঘতম, প্রশস্ততম ও গভীরতম নদী মেঘনা। এই নদীর দৈর্ঘ্য ৩৩০ কিলোমিটার। মেঘনা নদী আসামের নাগা মণিপুর পাহাড়ের দক্ষিণে লুসাই পাহাড়ে উৎপন্ন হয়ে বঙ্গোপসাগরে পতিত হয়েছে।

**৫৯. পৃথিবীর বৃহত্তম নদী কোনটি?**

ক. হোয়াংহো    খ. নীলনদ
গ. আমাজন    ঘ. কঙ্গো

উত্তর ✓ গ ব্যাখ্যা পৃথিবীর বৃহত্তম নদী আমাজান দক্ষিণ আমেরিকা মহাদেশে অবস্থিত। আমাজান নদী আন্দিজ পর্বতমালা থেকে উৎপন্ন হয়ে আটলান্টিক মহাসাগরে পতিত হয়েছে। এই নদীর দৈর্ঘ্য ৬৪৩৭ কিলোমিটার। আমাজান নদী দিয়ে সবচেয়ে বেশি পানি প্রবাহিত হয়।

**৬০. সূর্যের নিজ অক্ষের উপর আবর্তন করতে সময় লাগে–**

ক. ২৫ ঘণ্টা    খ. ২৮ ঘণ্টা
গ. ২৫ বছর    ঘ. ২৫ দিন    উত্তর ঘ

৬১. কোনো পরীক্ষায় ৫২% ছাত্র বিজ্ঞানে এবং ৪০% অঙ্কে ফেল করে। যদি উভয় বিষয়ে ২৭% ফেল করে তবে শতকরা কত জন ছাত্র পাস করে?

ক. ৩৫ খ. ৪৮
গ. ৬০ ঘ. ৬৫

উত্তর ✓ ক ব্যাখ্যা
শুধু বিজ্ঞানে ফেল করে (৫২ – ২৭)% = ২৫%
শুধু অঙ্কে ফেল করে (৪০ – ২৭) % = ১৩%
উভয় বা যে কোন এক বিষয়ে ফেল করে
(২৫ + ১৩ + ২৭)% = ৬৫%
উভয় বিষয়ে পাশ করে (১০০ – ৬৫)% = ৩৫%

৬২. ১, ৫, ১৩, ২৯, ৬১, .... ধারাটির পরবর্তী সংখ্যাটি কত?

ক. ৭৬ খ. ১০২
গ. ১০৬ ঘ. ১২৫

উত্তর ✓ ঘ ব্যাখ্যা

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | ১ | ৫ | ১৩ | ২৯ | ৬১ | ১২৫ |
| ব্যবধান | ৪ | ৮ | ১৬ | ৩২ | ৬৪ | |

৬৩. নিচের কোন সংখ্যাটি ক্ষুদ্রতম?

ক. $\frac{১}{৩}$ খ. $\frac{২}{৭}$
গ. $\frac{৫}{২১}$ ঘ. $\frac{৩}{৬}$

উত্তর ✓ গ ব্যাখ্যা
$\frac{১}{৩}$ = ০.৩৩, $\frac{২}{৭}$ = ০.২৮, $\frac{৫}{২১}$ = ০.২৩ এবং $\frac{৩}{৬}$ = ০.৫

∴ ক্ষুদ্রতম সংখ্যাটি $\frac{৫}{২১}$।

৬৪. নিচের উল্লিখিত ভগ্নাংশগুলোর মধ্যে কোনটির মান সবচেয়ে বেশি?

ক. $\frac{১}{২৫}$ খ. $\frac{১}{১৯}$
গ. $\frac{১}{১৫}$ ঘ. $\frac{১}{১২}$

উত্তর ✓ ঘ ব্যাখ্যা
$\frac{১}{২৫}$ = ০.০৪, $\frac{১}{১৯}$ = ০.০৫৩, $\frac{১}{১৫}$ = ০.০৬৭, $\frac{১}{১২}$ = ০.০৮৩

∴ $\frac{১}{১২}$ সংখ্যাটি বৃহত্তম।

৬৫. সামান্তরিকের বিপরীত কোণের অন্তর্দ্বিখণ্ডদ্বয়–

ক. পরস্পর সমান খ. পরস্পর সমান্তরাল
গ. পরস্পরের উপর লম্ব ঘ. পরস্পর একটি বিন্দুতে ছেদ করে

উত্তর ✓ ক ব্যাখ্যা যেহেতু সামান্তরিকের বিপরীত কোণ গুলো সমান। তাই সমান কোণের সমদ্বিখণ্ডকদ্বয় সমান কোন উৎপন্ন করে এবং তারা পরস্পর সমান।

৬৬. যে সামান্তরিকের সকল বাহু সমান, কিন্তু কোণগুলো সমান নয়, তাকে বলে–

ক. রম্বস খ. বর্গক্ষেত্র
গ. আয়তক্ষেত্র ঘ. ট্রাপিজিয়াম

উত্তর ক

৬৭. $a + \frac{1}{a} = 3$ হলে, $a^2 + \frac{1}{a^2}$ = কত?

ক. 7 খ. 9
গ. 11 ঘ. 13

উত্তর ✓ ক ব্যাখ্যা $a^2 + \frac{1}{a^2} = \left(a + \frac{1}{a}\right)^2 - 2.a.\frac{1}{a}$
$= 3^2 - 2.1 = 9 - 2 = 7$

৬৮. $m - \frac{1}{m} = 5$ হলে $m^3 - \frac{1}{m^3}$ = কত?

ক. 110 খ. 130
গ. 135 ঘ. 140

উত্তর ✓ ঘ ব্যাখ্যা

$$m^3 - \frac{1}{m^3} = \left(m - \frac{1}{m}\right)^3 + 3.m.\frac{1}{m}\left(m - \frac{1}{m}\right)$$
$$= 5^3 + 3.5 = 125 + 15 = 140$$

৬৯. $x - \frac{1}{x} = 3$ হলে, $x^2 + \frac{1}{x^2}$ = এর মান কত?

ক. 18 খ. 16
গ. 11 ঘ. 10

উত্তর ✓ ক ব্যাখ্যা $x^2 + \frac{1}{x^2} = \left(x - \frac{1}{x}\right)^2 + 2.x.\frac{1}{x}$
$= 3^2 + 2 = 9 + 2 = 11$

৭০. $x + y = 5, xy = 6$ হলে, $x^3 + y^3$ = কত?

ক. 30 খ. 35
গ. 215 ঘ. 230

উত্তর ✓ খ ব্যাখ্যা $x^3 + y^3 = (x + y)^3 - 3xy(x + y)$
$= 5^3 - 3.6.5$
$= 125 - 90 = 35$

৭১. এক দোকানদার ১২ দিনে ৫০৪ টাকা আয় করলেন। প্রথম ৪ দিনে গড় আয় ৪০ টাকা হলে বাকি দিনগুলোর গড় আয় কত টাকা হবে?

ক. ৪০ টাকা খ. ৪২ টাকা
গ. ৪৩ টাকা ঘ. ৪৭ টাকা

উত্তর ✓ গ ব্যাখ্যা
প্রথম ৪ দিনে মোট আয় (৪০ × ৪) = ১৬০ টাকা
বাকি ৮ দিনের আয় (৫০৪ – ১৬০) = ৩৪৪ টাকা
∴ দিনে গড় আয় = $\frac{৩৪৪}{৮}$
= ৪৩ টাকা।

৭২. তিন পুত্রের বয়সের গড় ১৬ বছর। পিতাসহ পুত্রদের বয়সের গড় ২৫ বছর। পিতার বয়স কত?

ক. ৪৫ বছর খ. ৪৮ বছর
গ. ৫০ বছর ঘ. ৫২ বছর

উত্তর ✓ ঘ ব্যাখ্যা
তিন পুত্রের মোট বয়স (১৬ × ৩) = ৪৮ বছর
পিতা সহ পুত্রের বয়স (২৫ × ৪) = ১০০ বছর
∴ পিতার বয়স (১০০ – ৪৮) = ৫২ বছর।

**৭৩. একটি দ্রব্য ২৫ টাকা দিয়ে ক্রয় করে ৩০ টাকায় বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?**

ক. ২০% খ. ১৫%
গ. ১০% ঘ. ৫%

উত্তর ✓ ক ব্যাখ্যা

$$\text{শতকরা লাভ} = \frac{\text{বিক্রয় মূল্য} - \text{ক্রয় মূল্য}}{\text{ক্রয়মূল্য}} \times ১০০$$

$$= \frac{৩০ - ২৫}{২৫} = \frac{৫}{২৫} \times ১০০ = ২০\%$$

**৭৪. একটি জিনিস ৬০ পয়সায় বিক্রয় করায় ২০% লাভ হয়। এর ক্রয়মূল্য কত?**

ক. ৭২ পয়সা খ. ৮০ পয়সা
গ. ৪০ পয়সা ঘ. ৫০ পয়সা

উত্তর ✓ ঘ ব্যাখ্যা

$$\text{ক্রয়মূল্য} = \frac{১০০}{১০০ + \text{লাভ}} \times \text{বিক্রয়মূল্য}$$

$$= \frac{১০০ \times ৬০}{১০০ + ২০}$$

$$= \frac{১০০ \times ৬০}{১২০}$$

= ৫০ পয়সা

**৭৫. এক ব্যক্তি তার আয়ের ৫% আয়কর দেন। তিনি ৬০০ টাকা আয়কর দিলে তার মোট আয় কত?**

ক. ২০,০০০ টাকা খ. ১৫,০০০ টাকা
গ. ১২,০০০ টাকা ঘ. ১০,০০০ টাকা

উত্তর ✓ গ ব্যাখ্যা

৫ টাকা আয়কর হলে মোট আয় ১০০ টাকা

১ " " " $\frac{১০০}{৫}$ "

৬০০ " " " $\frac{১০০ \times ৬০০}{৫}$

= ১২,০০০ টাকা

**৭৬. চালের মূল্য বৃদ্ধি পাওয়ার পূর্বের ১০০০ টাকার চালের বর্তমান মূল্য ১২৫০ টাকা হলো চালের মূল্য শতকরা কত বৃদ্ধি পেল?**

ক. ২৫% খ. ২১.৫%
গ. ২.৫% ঘ. ১.২৫%

উত্তর ✓ ক ব্যাখ্যা

$$\text{চালের মূল্য শতকরা বৃদ্ধি} = \frac{\text{বর্তমান মূল্য} - \text{পূর্বমূল্য}}{\text{পূর্ব মূল্য}} \times ১০০$$

$$= \frac{১২৫০ - ১০০০}{১০০০} \times ১০০$$

$$= \frac{২৫০}{১০০০} \times ১০০ = ২৫\%$$

**৭৭. ক ও খ এর মধ্যে ১৮০ টাকা এমনভাবে ভাগ করে দেওয়া হয় যেন খ, ক এর টাকার দ্বিগুণ পায়। ক কত টাকা পায়?**

ক. ৪৫ টাকা খ. ৬০ টাকা
গ. ৯০ টাকা ঘ. ১৩৫ টাকা

উত্তর ✓ খ ব্যাখ্যা মনে করি, ক পায় x টাকা
খ পায় ২x টাকা

শর্তমতে, $x + ২x = ১৮০$

$\Rightarrow ৩x = ১৮০$

$$x = \frac{১৮০}{৩} = ৬০$$

∴ x = ৬০ টাকা ∴ ক পায় ৬০ টাকা

**৭৮. ৬০ লিটার কেরোসিন ও পেট্রোলের মিশ্রণের অনুপাত ৭ : ৩। ঐ মিশ্রণে আর কত লিটার পেট্রোল মেশালে অনুপাত ৩ : ৭ হবে?**

ক. ৭০ খ. ৮০
গ. ৯০ ঘ. ৯৮

উত্তর ✓ খ ব্যাখ্যা অনুপাতদ্বয়ের যোগফল (৭ + ৩) = ১০

$$\text{কেরোসিন আছে}\left(৬০ \text{ এর } \frac{৭}{১০}\right) = ৪২ \text{ লিটার}$$

$$\text{পেট্রোল } " \left(৬০ \text{ এর } \frac{৩}{১০}\right) = ১৮ \text{ লিটার}$$

ধরি, x লিটার পেট্রোল মেশাতে হবে।

প্রশ্নমতে, $x + ১৮ : ৪২ = ৭:৩$

$$\Rightarrow \frac{x + ১৮}{৪২} = \frac{৭}{৩}$$

$$\Rightarrow ৫৪ + ৩x = ২৯৪$$

$$\Rightarrow ৩x = ২৯৪ - ৫৪ = ২৪০$$

$$x = \frac{২৪০}{৩} = ৮০$$

x = ৮০ লিটার

**৭৯. ক একটি কাজ ৫ দিনে এবং খ তা ১০ দিনে করতে পারে। তারা একত্রে ১ দিনে এর কত অংশ করতে পারবে?**

ক. $\frac{১}{১৫}$ খ. $\frac{১}{১০}$
গ. $\frac{২}{১৫}$ ঘ. $\frac{৩}{১০}$

উত্তর ✓ ঘ ব্যাখ্যা

$$\text{একত্র করলে, সময়} = \frac{\text{বড় সংখ্যা} \times \text{ছোট সংখ্যা}}{\text{বড় সংখ্যা} + \text{ছোট সংখ্যা}} \times \text{অংশ}$$

$$\Rightarrow ১ = \frac{১০ \times ৫}{১০ + ৫} \times \text{অংশ}$$

বড় সংখ্যা = ১০
ছোট সংখ্যা = ৫
সময় = ১ দিন
অংশ = ?

$$\Rightarrow ১ = \frac{৫০ \times \text{অংশ}}{১৫}$$

$$\Rightarrow \text{অংশ} = \frac{১৫}{৫০} = \frac{৩}{১০}$$

$$\text{অংশ} = \frac{৩}{১০}$$

**৮০. যে পরিমাণ খাদ্যে ১৫ জন লোকের ৪০ দিন চলে ঐ পরিমাণ খাদ্যে ৪০ জন লোকের কত দিন চলবে?**

ক. ১৫ দিন খ. ২০ দিন
গ. ২৫ দিন ঘ. ৩০ দিন

উত্তর ✓ ক ব্যাখ্যা

১৫ জন লোকের চলে ৪০ দিন

১ " " " ৪০ × ১৫

৪০ " " " $\frac{৪০ \times ১৫}{৪০}$ = ১৫ দিন